

একটি ড্রেনই পারে অবহেলিত তালা মালো পাড়ার দীর্ঘকালের যন্ত্রণার অবসান ঘটাতে.

সাতক্ষীরা জেলার তালা উপজেলার সদরে অবস্থিত তালা জেলে বা মালো পল্লী। পাশ ঘেষেই কপোতাক্ষ নদী প্রবহমান। নদীর নাব্যতা হ্রাসের কারণে প্রতিবছর জলাবদ্ধতার কবলে পতিত হয় তালা উপজেলা সদরে বসবাসরত মালো পাড়ার প্রায় ৮০টি পরিবারের ৪০০ মানুষ। ভারী বৃষ্টি, অতিবৃষ্টিতে পরিস্থিতি আরও নাজুক হয়ে পড়ে। জলাবদ্ধতায় ভয়াবহ বন্যায় রূপ নেয়। মানুষ, গবাদি পশু একসাথে জলের মধ্যেই বসবাস করতে হয়। ছেলে মেয়েদের স্কুলে যাওয়া বন্ধ হয়ে যায়। পানিবাহিত রোগে আক্রান্ত হয়ে পড়ে অধিকাংশ মানুষ। যৌন হয়রানির মাত্রাও বেড়ে গিয়ে ঘটে চরম মানবাধিকার লংঘন। ঘরবাড়ী ডুবে গিয়ে বছরের ৪/৫ মাস অবরুদ্ধ জীবন যাপন করতে হয়ে মালো পল্লীর বাসিন্দাদের। সরকার আসে সরকার যায় কিন্তু মালোপল্লীর বাসিন্দাদের যন্ত্রনার অবসান হয় না।

রিসার্চ ইনিশিয়েটিভস বাংলাদেশ (রিইব), নেটজ ও বিএমজেড এর সহায়তায় হোপ প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের শুরুতে অত্র গ্রামে গঠন করে গ্রাম নাগরিক সমাজ সংগঠন। সংগঠনের সকল মানবাধিকার কর্মীদের ঐক্যবদ্ধ ও সক্ষমতা বৃদ্ধি করতে থাকে। গ্রাম ভিত্তিক আলোচনায় উঠে আসে অত্র গ্রামের জলাবদ্ধতার কারণ, এর মারাত্মক প্রভাব। সামাজিক এই সমাধানের পথ হিসেবে সদস্যবৃন্দ সিদ্ধান্ত নেয় উক্ত বিষয়টি ইউনিয়ন, উপজেলা সিএসও গ্রুপে তুলে ধরার। ইতোমধ্যে উপজেলা সিএসও সভায় সদস্যবৃন্দ অগ্রাধিকারভিত্তিতে উক্ত সামাজিক সমস্যাটি চিহ্নিত করে এবং কর্তৃপক্ষের সাথে সংলাপ সভায় উত্থাপনের জন্য পরিকল্পনা গ্রহণ করেন।

এরই ধারাবাহিকতায়, গত ২৩ জুন ২০২৫ ইং তারিখ তালা উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সম্মুখে উপজেলা সিএসও সাধারন সম্পাদক চন্দ্রশেখর দাস সামাজিক সমস্যা উপস্থাপনের সময় তালা মালোপাড়ার চিত্র তুলে ধরেন। অতঃপর উপজেলা সদস্য ছায়া বিশ্বাস তালা মালোপাড়ার পক্ষ থেকে সুনির্দিষ্টভাবে ইউএনও মহোদয়ের সরেজমিন পরিদর্শনপূর্বক একটি ড্রেন এর ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। ইউনিয়ন সিএসও সদস্য নিলীমা দাস, জেলা সিএসও সদস্য জুলফিকার রায়হান জানান নদীর পাশে প্রধান সড়কের প্রায় গা ঘেষে যাওয়ায় ড্রেন ছাড়া পানি নিষ্কাশনের আর কোন বিকল্প উপায় নেই। তাই এখানে একটি ড্রেন তৈরি করলে তালা মালো পাড়াবাসির দীর্ঘদিনের যন্ত্রনার অবসান হবে।

অত্যন্ত মানবিক ও উন্নয়ন স্বপ্নদ্রষ্টা তালা উপজেলা নির্বাহী কর্মকর্তা, শেখ মো: রাসেল বিষয়টি গুরুত্বের গ্রহণ করেন এবং রিইব সংস্থাকে একটি রেজুলেশন তৈরি করে ইউএনও মহোদয়ের অনুমোদন গ্রহণ করে রাখতে বলেন। যাতে চলতি বাজেটে উক্ত ড্রেন তৈরির বরাদ্দ নিশ্চিত করা যায়। তিনি প্রতিশ্রুতি প্রদান করেন যে, সরেজমিন পরিদর্শন করবেন।

অদ্য ২৭ জুন ২০২৫ ইং তারিখ, জেলা সিএসও সদস্য জুলফিকার রায়হান এর উদ্যোগে উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মো: রাসেল তালা মালোপাড়ায় সরেজমিন পরিদর্শন করেন এবং মালো পল্লীবাসীদের পরিস্থিতি অবলোকনপূর্বক এ সপ্তাহ থেকেই প্রাথমিকভাবে ড্রেন তৈরি করার কাজ শুরু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করেন।

তালা মালা পল্লী বাসী আজ আশায় বুক বেধেছে যে, শুধুমাত্র ১০০ গজের এই ড্রেনটি তাদের হাজারো সমস্যার সমাধান করবে। গভীর আন্তরিকতার সাথে তারা রিইব, নেটজ বিডি কে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।



২২ জুন ২৫ এ অনুষ্ঠিত উপজেলা সংলাপে তালা মালো পল্লীর জলাবদ্ধতা নিরসনের দাবি তুলে ধরছেন উপজেলা সিএসও ছায়া বিশ্বাস।



উপজেলা সংলাপ সভায় জলাবদ্ধতা নিরসনসহ সামাজিক সমস্যা নিরসনে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা, শেখ মো. রাসেল।



তালা মালোপাড়ায় পরিদর্শন করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মো. রাসেল। ২৭/০৬/২০২৫



জলাবদ্ধতা নিরসনে পানি নিষ্কাশনের স্থান নির্বাচনে কর্তৃপক্ষ। ২৭/০৬/২০২৫